**মদ বা সুরা-ব্যভিচার**

অনেকের মতে কালীপূজা ব্যতিত মদ বা সুরা খেতে কোন দোষ নেই। এটি সম্পুন্নই ভুল এবং ব্যভিচার। কারন আমাদের সনাতন ধর্ম' মতে মদ্য দেবীর উপর ত্রিদেবের দুই দেব ব্রহ্মা ও বিষ্ণু স্বয়ং (কৃষ্ণ) রূপে এবং দৈত্য বা অসুরদের গুরু মহারাজ শুক্রাচার্যর ভয়ংকর অভিশাপ রয়েছে এবং এগুলি পৌরাণিক। কারন মদ্য ব্যভিচার আমাদের নার্ভ কে প্রভাবিত করে বিবেক নৈতিকতা হীন করে তোলে। আর কেউ জেনে হোক বা না জেনে হোক মদ খেলে সেই অভিশাপকেই ধারণ করে।। একমাত্র শাক্ত ও শৈব বা তান্ত্রিক ও অঘরি পরম্পরা তে সাধনার কিছু মুহুর্ত ব্যতিত এবং'তা শোধন করে ঈশ্বরকে নিবেদন করেই সামান্য খেতে হয়। ৺কালীপূজায় বা দশমহা বিদ্যার মায়ের যে কোন পূজায় শক্তি আরাধনায় পঞ্চমাকার সাধনার জন্য বিশেষ সুরা শোধন মন্ত্র রয়েছে সেই মন্ত্র জপ করেই সাধক/সাধিকা গন কে ভগবতী' র উদ্দেশ্যে মদ্য নিবেদন করতে হয়। নচেৎ যেকোনো সময় যেকোন অজুহাতে মদ্য প্রান সনাতন শাস্ত্রে কঠোর ভাবে নিষিদ্ধ এবং শরীরের ক্ষেত্রে ও ক্ষতিকর এবং ভগবতী ও রুষ্ট হন। সনাতন বাদে মুসলমান ও বৌদ্ধ ধর্মেও মদ্য প্রান কঠোর ভাবে নিষিদ্ধ রয়েছে।

Published on: Nov, 10 2023 12:05